বিনোদন

বাস্তবের প্রেম পর্দায়

এ মাসেই মুক্তি পাচ্ছে মডেল-অভিনেতা শখ-নিলয় জুটির প্রথম এবং একমাত্র সিনেমা 'অল্প অল্প প্রেমের গল্প'। পরিচালক সানিয়াত হোসেন বাস্তব জীবনের এক সময়ের এই জুটির প্রেমকাহিনীকে পর্দায় ফুটিয়ে তুলতেই নির্মাণ করেছেন সিনেমাটি। সানিয়াত জানান, তার বিজ্ঞাপন প্রযোজনা প্রতিষ্ঠানের ব্যানারে শখ ও নিলয় একটি বিজ্ঞাপনচিত্রে অংশ নিয়েছিলেন। এরপর থেকেই দুজনের বন্ধুত্ব ও প্রেম। সানিয়াত বলেন, টিনএজ দুই বন্ধুর প্রেমের গল্প নিয়ে এগিয়েছে সিনেমাটি। জাজ মাল্টিমিডিয়ার পরিবেশনায় এই সিনেমাতে অভিনয় করেছেন শখ, নিলয়, মিশা সওদাগর প্রমুখ।

গাজায় তদন্তে যেতে পারেননি আমালা, তবুও...

জর্জ ক্লুনির বাগদত্তা আমাল আলামুদ্দিন পেশায় একজন আইনজীবী। সম্প্রতি গাজায় ফিলিস্তিনের সাধারণ জনগণের ওপর ইসরায়েলের হামলা এবং হত্যাকাণ্ড ঘটার পরিপ্রেক্ষিতে জাতিসংঘ চাইছে এটিকে 'যুদ্ধাপরাধ' বলতে। আর এর তদন্তে তিনজন ব্যক্তির সমন্বয়ে পর্যবেক্ষকদের একটি তালিকাও করেছে বিশ্বসংস্থাটি। তবে ব্রিটিশ-লেবানিজ বংশোদ্ভূত আমাল এই বিশেষ দলে যোগ দেয়ার প্রস্তাবে স্রেফ না করে দিয়েছেন। জানা গেছে, প্রস্তাবটি পাওয়ার ঘণ্টাখানেক পরই অন্য কাজের কথা বলে এটি প্রত্যাখ্যান করে বক্তব্য দেন ৩৬ বছর বয়সী এই আইনজীবী। এতে তিনি বলেন, এই দায়িত্বের জন্য আমাকে বিবেচনা করায় আমি সম্মানিত বোধ করছি। তবে বর্তমানে চলমান আটটি কেস নিয়ে ভীষণ ব্যস্ততার কারণে আমি এই দায়িত্ব পালন করতে পারছি না। তবে আমি কমিশনে কাজ করতে চলা আমার অন্য সহকর্মীদের জানাই শুভকামনা, যাতে ভালোভাবে তারা তদন্তটি করতে পারেন। আমাল বলেন, আমি বিশ্বাস করি সেখানে যে ঘটনা ঘটেছে তার জন্য স্বাধীন তদন্তের খুবই প্রয়োজন। তারা মানবতার বিরুদ্ধে যে অপরাধ করেছে তার জন্য তাদের জবাবদিহিতার আওতায় আনতে হবে।

স্মৃতির ফ্রেম

১৯৬২ সালে এডিনবরায় অনুষ্ঠিত পাঁচ দিনব্যাপী আন্তর্জাতিক লেখক সম্মেলনে প্রখ্যাত মার্কিন লেখক হেনরি মিলারের (২৬ ডিসেম্বর, ১৮৯১– ৭ জুন, ১৯৮০) (বাঁয়ে) সঙ্গে পল্লীকবি জসীম উদ্‌দীন (১ জানুয়ারি, ১৯০৩– ১৩ মার্চ, ১৯৭৬)

আলো

কল্পনা রানী

গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার পগইল গ্রামের গরিব কৃষকের সুন্দরী মেয়ে কল্পনা রানী। বখাটের ছোড়া অ্যাসিডে ঝলসে একটি হাত পঙ্গু হয়ে গেলেও পরাজয় মানেননি নিয়তির কাছে। বাধ্য হয়ে সেই বখাটেকেই বিয়ে করে জীবনযুদ্ধে ঘুরে দাঁড়িয়েছেন দৃঢ়তার সঙ্গে। 'জয়িতা নারী' হিসেবে হয়েছেন পুরস্কৃত ও সংবর্ধিত।

স্কুলে যাওয়ার পথে বখাটে রোস্তম আলী তাকে নানাভাবে উত্ত্যক্ত করত। প্রেম নিবেদন করে বিয়ে করতে চাইত। কিন্তু সহায়-সম্বলহীন বখে যাওয়া রোস্তমের বিয়ের প্রস্তাবকে প্রত্যাখ্যান করেন তার বাবা-মা। এতে ক্ষিপ্ত হয়ে একদিন কল্পনার শরীরে অ্যাসিড ছুড়ে মারে সে। সৌভাগ্যক্রমে নিক্ষিপ্ত অ্যাসিড মুখে না পড়ে ডান হাতে এবং শরীরের নিচের বিভিন্ন অংশে পড়ে। ডান হাতের চামড়া ঝলসে কুঁচকে যায়। পঙ্গু হয়ে যায় হাতটা। এ ঘটনার পর গ্রাম্য সালিশে গাঁয়ের মাতবররা ওই বখাটে রোস্তমকেই পঙ্গু কল্পনাকে বিয়ে করতে বাধ্য করেন। বেকার কপর্দকহীন রোস্তম আলীর সংসারে এসে জীবনযুদ্ধে ঝাঁপিয়ে পড়েন তিনি। গ্রামের একটি এনজিও থেকে আর্থিক সহায়তা নিয়ে বাড়িতে ক্ষুদ্র ব্যবসা শুরু করেন। সেই সঙ্গে গরু, ছাগল এবং হাঁস-মুরগি পালন শুরু করেন। সংসারে আর্থিক সচ্ছলতা আসে। স্বামীকে একটি রিকশা-ভ্যান কিনে দিয়ে তাকে হাট-বাজারে মালামাল পরিবহনের কাজে লাগান। এরপর আত্মনির্ভর কল্পনার সাফল্যের সিঁড়ি বেয়ে কেবলই এগিয়ে চলা।

–আবু জাফর সাবু

'নির্বাকে' বিপাশার বদলে সুস্মিতা!

কিছুদিন আগে কলকাতা এসেছিলেন বাঙালি অভিনেত্রী বিপাশা বসু। কলকাতা পুলিশের বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠানে যোগ দিতেই তার এই ভ্রমণ। পরে এক সাক্ষাৎকারে নানা বিষয়ে কথা বলেন। এতে কলকাতার জীবন কতটা ভালবাসেন এবং তার পাশাপাশি উঠে আসে তার বর্তমান প্রেমিক হারমান বেওয়াজার কথাও। শিগগিরই বিয়ের ইচ্ছা নেই জানিয়ে বিপাশা বলেন, সুস্মিতা সেন 'নির্বাক' সিনেমায় অভিনয় করছেন, এটা চমৎকার। তবে সৃজিত মুখার্জী 'নির্বাক'-এর জন্য প্রথমে আমাকেই প্রস্তাব করেছিলেন। কাজের ব্যস্ততায় আমি না করে দিয়েছি। ইদানীং আমি একটির বেশি সিনেমায় কাজ করছি না।

অক্ষয় এবং ১০০ কুকুর

অক্ষয় কুমার অভিনীত কমেডিধর্মী এন্টারটেইনমেন্ট সিনেমাটিকে ভালোই বেগ পেতে হচ্ছে। কারণ এবারের ঈদে বলিউডে মুক্তি পাওয়া 'কিক' এখনো দর্শকের মনে দাগ কেটে আছে। 'কোইমোই' তাদের রিপোর্টে বলেছে, পরিচালক সাজিদ-ফারহাদের এই সিনেমাটি গত ৮ আগস্ট মুক্তির পর থেকে এ পর্যন্ত আয় করেছে ৪৩ দশমিক ৬৯ কোটি রুপি। আশা করা হচ্ছে খুব দ্রুতই ৫০ কোটির সীমানা ছাড়াবে সিনেমাটি। জানা গেছে, এই সিনেমাতে খিলাড়ি অক্ষয়কে অভিনয় করতে হয়েছে ১০০টি কুকুরের সঙ্গে। আর এটা নাকি দারুণ উপভোগ করেছেন অক্ষয়।

আপনি জানেন কি

টাইগারের পেছনে আমির খান

জ্যাকি শ্রফের ছেলে টাইগার শ্রফের বলিউডে অভিষেক ঘটেছে বেশ জোরেশোরেই। 'হিরোপান্তি' দিয়ে এখন পর্যন্ত এই বছরের সেরা নতুন অভিনেতা হিসেবে অভিষেক ঘটেছে টাইগারের। সম্প্রতি জানা গেছে, এই সিনেমার ট্রেইলার মুক্তির সময় আমির খান বেশ আগ্রহভরেই উপস্থিত ছিলেন। এ সময় নতুন অভিনেতা হিসেবে টাইগার এবং কীর্তিকে সবার সঙ্গে পরিচয় করিয়ে দেন তিনি। জ্যাকি শ্রফের সঙ্গে আমিরের বেশ আন্তরিক সম্পর্ক, তাই যখন এই সিনেমার ট্রেইলার মুক্তির পরিকল্পনা চলছিল, তখন ভাবা হয় আমিরের কথা। আর এটা শুনে আমিরও এগিয়ে আসেন। কেননা তিনিও জ্যাকির পুত্র টাইগারকে বেশ পছন্দ করেন।

গার্লস নাইট আউটে কারিনা

'ফ্যান্টম'-এর শুটিংয়ে সাইফ আলী খান লন্ডনে। হাতেও তেমন কাজ নেই। তাই অবসর পেয়েই কারিনা সময় কাটালেন তার বন্ধু এবং বোনের সঙ্গে। এই গার্লস নাইট আউটে কারিনা কাপুরের সঙ্গী হয়েছিলেন কারিশমা কাপুর, মালাইকা অরোরা খান। পরে নিজের ইনস্টাগ্রামে সেলফি পোস্ট করে মালাইকা লেখেন, 'সৌভাগ্যের রাত্রি... ভালবাসা।'

দীপিকা জানতেনই না!

দীপিকা-রণবীর প্রেম করছেন– 'রাম-লীলাতে' অসাধারণ অভিনয়ের পর বলিউডে অনেকদিন ধরেই চলছে এই গুজব। এবার দীপিকা অভিনীত হোমি আদাজানিয়ার 'ফাইন্ডিং ফ্যানিতে' ছোট্ট চরিত্রে রণবীরের উপস্থিতি এই গুজবের আগুনে যেন একেবারে ঘি ঢেলে দিল। তবে বরাবরের মতো এবারো ব্যক্তিগত জীবন নিয়ে কথা বলতে চাননি দীপিকা।

এই সিনেমাতে দীপিকার মৃত স্বামীর ভূমিকায় ছোট্ট একটি চরিত্রে অভিনয় করছেন রণবীর সিং। আর এটা নিয়েই রটনা শুরু হয়। রণবীরকে নিতে নাকি পরিচালককে অনুরোধ জানিয়েছেন দীপিকা। তবে দীপিকা এমন গুজব অস্বীকার করে বলেছেন, এই সিনেমার অভিনয় শিল্পী নেয়ার ব্যাপারে আমি কিছুই জানতাম না।

ইসরায়েল বিরোধিতার জন্য হলিউডে কালো তালিকায় পেনেলোপে, জাভিয়ের

ফিলিস্তিনের ওপর ইসরায়েলের নির্বিচার হামলা ও গণহত্যার প্রতিবাদে এক চিঠিতে সই করেছিলেন হলিউড তারকা দম্পতি পেনেলোপে ক্রুজ ও জাভিয়ের বারডেম। চলচ্চিত্রের সঙ্গে জড়িত ১০০ জনের সঙ্গে মিলে ইসরায়েলের এই আগ্রাসনকে 'গণহত্যা' বলার কারণে এবার রোষানলে পড়তে হচ্ছে এই অভিনেতা দম্পতিকে। আর এতে হুমকির মুখে পড়েছে হলিউডে তাদের ক্যারিয়ার। হলিউডের শীর্ষস্থানীয় প্রযোজকদের কালো তালিকায় পড়েছেন এই তারকাদ্বয়। এদিকে এ অবস্থার পরিপ্রেক্ষিতে পেনেলোপে বলেছেন, ওই চিঠিতে সইয়ের পেছনে আমার একমাত্র উদ্দেশ্য ছিল ইসরায়েল ও ফিলিস্তিন উভয় দেশেই শান্তি প্রতিষ্ঠার কথা বলা। তবে তাতেও ক্রোধে ফুঁসছেন ইসরায়েলের প্রতি সহৃদয় ওই প্রযোজকরা।

তোমাকে ভালবাসি বাবা : জেলডা উইলিয়ামস

তীব্র হতাশার সঙ্গে আর পেরে উঠলেন না হলিউডের কিংবদন্তি কৌতুকাভিনেতা রবিন উইলিয়ামস। চিকিৎসকদের ভাষ্যমতে নিজের বাড়িতে আত্মহত্যা করেছেন এই অভিনেতা। বহুদিন ধরেই ভীষণ হতাশায় ভুগছিলেন এই অভিনেতা।

এদিকে এই তারকার মৃত্যুর পর বাবার প্রতি শেষ শ্রদ্ধা জানিয়ে ইনস্টাগ্রামে হৃদয়ছোঁয়া এক পোস্ট করেছেন তার কন্যা জেলডা উইলিয়ামস। এতে জেলডা তার জন্মদিনে বাবার পোস্ট উল্লেখ করেন যাতে লেখা, তুমি-তুমি একাই ওই তারকাদের ধারণ করছ, অন্য কেউ নয়। এর একটি তারায় আমি থাকব। এর একটি তারায় আমি হাসব। রাতে যখন তুমি চাইবে আকাশের দিকে, মনে হবে যেন সব তারাই হাসছে। তুমি, কেবল তুমি সেই তারাটা ধারণ করবে, যা হাসবে। এরপর জেলডা আরো লেখেন, আমি তোমাকে ভালবাসি। তোমাকে মিস করি। আমি সব সময় আকাশের দিকে তাকিয়ে থাকব। ৬৩ বছর বয়সী রবিনকে হারিয়ে তার স্ত্রী সুসান বলেন, এই সকালে আমি আমার স্বামী এবং সেরা বন্ধুটিকে হারালাম। আর এই বিশ্ব হারাল সেরা একজন শিল্পী এবং অসাধারণ একজন মানুষকে। আমার হৃদয় সত্যিই ভেঙে গেছে।

হকিংকে নিয়ে ছবি দ্য থিওরি অব এভরিথিং

স্টিফেন হকিংকে বিবেচনা করা হয় এই শতাব্দীর সেরা বিজ্ঞানী হিসেবে। 'এক্সপ্যান্ডিং প্রোপার্টিজ' বা 'বিগ ব্যাং থিউরি' দিয়ে খ্যাতি অর্জন করা এই বিজ্ঞানীকে এবার দেখা যাবে বড় পর্দায়, তবে সম্পূর্ণ ভিন্ন রূপে। মোটর নিউরন রোগে আক্রান্ত হকিং তরুণ বয়স থেকেই হুইলচেয়ারে চলাফেরা করেন। এবার অস্কারজয়ী পরিচালক জেমস মার্শ বড় পর্দায় তুলে এনেছেন ২১ বছরের ক্যামব্রিজপড়ুয়া তরুণ স্টিফেন হকিংকে। 'দ্য থিউরি অব এভরিথিং' নামের এই সিনেমাটি হকিংয়ের প্রথম স্ত্রী জেইন ওয়াইল্ডের স্মৃতিচারণমূলক গ্রন্থ 'ট্র্যাভেলিং ইনফিনিটি : মাই লাইফ উইথ স্টিফেন'-এর ভিত্তিতে নির্মিত হয়েছে। সম্প্রতি টরন্টো ফিল্ম ফেস্টিভ্যালে প্রকাশিত হয় সিনেমার ট্রেইলার। সম্ভাবনাময় ভবিষ্যতের স্বপ্নে বিভোর থাকা তরুণ হকিং মাত্র ২১ বছর বয়সেই প্রেমে পড়েছিলেন সহপাঠী জেইন ওয়াইল্ডের। ব্ল্যাক হোল এবং এক্সপ্যান্ডিং অবজেক্টের থিসিস জমা দেয়ার কিছুদিনের মধ্যেই তিনি আক্রান্ত হয়ে পড়েন 'অ্যামাইট্রফিক ল্যাটেরাল স্ক্লেরোসিস' নামে নিউরাল এক দুরারোগ্য রোগে। সে সময় চিকিৎসকরা বলেছিলেন, আর মাত্র দুবছর বেঁচে থাকবেন তিনি। সেখান থেকেই হকিংয়ের সংগ্রাম আর জেইনের সহায়তায় তার এগিয়ে যাওয়ার গল্প বলেছে 'দ্য থিউরি অব এভরিথিং'।

গ্রন্থনা : সুমাইয়া শিফাত